

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/6/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

লেক অন্টারিও হোমওনার রিকভারি প্রোগ্রামের জন্য দ্বিতীয় বাড়ির জন্য গভর্নর কুওমোর
ঘোষিত আবেদন এখন গ্রহণ করা হচ্ছে

*সামগ্রিকভাবে 20 মিলিয়ন মার্কিন ডলারের বাড়ির মালিকদের সহায়তা প্যাকেজের
(Homeowner Assistance Package) অংশ হিসেবে দ্বিতীয় বাড়ির জন্য উপযুক্ত মালিকগণের
ক্ষেত্রে সর্বোচ্চ 8 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য রয়েছে*

দ্বিতীয় বাড়ির জন্য আবেদনপত্র 6 নভেম্বর থেকে 10 ডিসেম্বর পর্যন্ত গ্রহণ করা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 2019 সালের লেক অন্টারিও - সেন্ট লরেন্সে রিভার ফ্লাড
রিলিফ অ্যান্ড রিকভারি প্রোগ্রামের (Lake Ontario-St. Lawrence River Flood Relief and
Recovery Program) জন্য আবেদনের সময়কাল এখন শুরু হয়েছে বলে আজ ঘোষণা করেছেন,
যেখানে আবেদন করার জন্য সেই বাড়ির মালিকরা যোগ্য হবেন যারা জানুয়ারি 1, 2019 থেকে
সেপ্টেম্বর 30, 2019 এর ঐতিহাসিক লেক অন্টারিওর বন্যার দ্বারা সরাসরি ক্ষতিগ্রস্ত হয়েছেন।
2019-এর বন্যার ত্রাণ ও পুনরুদ্ধার কার্যক্রম উপযুক্ত দ্বিতীয় বাড়ির মালিকদেরকে সহায়তা করার
জন্য সর্বোচ্চ 8 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বরাদ্দ দেবে এবং এটি নিউ ইয়র্ক স্টেট হোমস্ অ্যান্ড
কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal)-এর মাধ্যমে
পরিচালিত করা হবে।

কায়ুগা, জেফারসন, মনরো, ন্যায়াগ্রা, অর্লিন্স, অসয়েগো, সেন্ট লরেন্স এবং ওয়েইন কাউন্টিগুলোতে
দ্বিতীয় বাড়িতে বসবাসকারী অধিবাসীরা এখন তাদের প্রাথমিক বাসভবনের হওয়া ক্ষতিপূরণের জন্য
স্টেটের অর্থায়নে সর্বোচ্চ 50,000 মার্কিন ডলার পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। 6
নভেম্বর থেকে 10 ডিসেম্বর পর্যন্ত দ্বিতীয় বাড়ির জন্য আবেদনপত্র গ্রহণ করা হবে।

"লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর তীর বরাবর ঐতিহাসিক বন্যার পরে একটি বিপর্যয়কর
প্রভাব পড়েছে এবং আমরা ভাগ্যবান যে, প্রথম ও দ্বিতীয় উভয় বাড়িরই মেরামতের জন্য
আমাদের হাতে সম্পদ আছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা পুরো এলাকায় আঞ্চলিকভাবে-
তাৎপর্যপূর্ণ পুনর্নির্মাণ এবং স্থিতিস্থাপক প্রকল্প গ্রহণ করছি, তাই এই কমিউনিটির বাড়ির মালিকদের
পুনরুদ্ধারের প্রচেষ্টায় সাহায্য করার জন্য আর্থিক সহায়তা প্রদান করার বিষয়টি সমানভাবে
গুরুত্বপূর্ণ।"

গৃহের মালিকদের জন্য আবেদনের নির্নায়কের অন্তর্ভুক্ত:

- 1 জানুয়ারি, 2019 থেকে 30 সেপ্টেম্বর, 2019 পর্যন্ত যেসকল বাড়ির মালিক বন্যায় আক্রান্ত হয়েছেন।
- দ্বিতীয় বাড়ির মালিকদের আবেদনপত্র গ্রহণ করা হবে 6 নভেম্বর, 2019 থেকে 10 ডিসেম্বর, 2019 পর্যন্ত।
- 275,000 মার্কিন ডলার থেকে কম মোট আয় করেন এমন দ্বিতীয় বাড়ির মালিকরা আবেদন করতে পারবেন। তবে যারা 175,000 বা তার কম মার্কিন ডলার মোট আয় করেন, তাঁদের অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রথম বাড়ির আবেদনগুলি পূরণ করার পর দ্বিতীয় বাড়ির ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হবে। প্রথম বাড়ির মালিকদের 31 অক্টোবর, 2019-এর মধ্যে অবশ্যই আবেদন করতে হবে।

যোগ্যতার পূর্ণ মানদণ্ডের তালিকা সহ আবেদনটি [নিউ ইয়র্ক স্টেট হোমস ও কমিউনিটি রিনিউয়াল ওয়েবসাইটে](#) পাওয়া যাবে।

এই অর্থায়নে গভর্নর কুউমোর তৈরি করা REDI সম্পূরক, যার মধ্যে রয়েছে একটি মাল্টি-এজেন্সি কমিশন, যা লেক অন্টারিওর পানির কাছাকাছি এলাকার অবকাঠামো শক্তিশালী করার উপায় নিয়ে গবেষণা করার পাশাপাশি স্থানীয় অর্থনীতিকে এগিয়ে নিচ্ছে। REDI-র মাধ্যমে 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে রাজ্য প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে সৈকত পুনর্নির্মাণ করার জন্য এবং তার সাথে লেক অন্টারিওর বন্যা প্রবণ অঞ্চলের স্থিতিস্থাপকতা উন্নত করার জন্য।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)